দৈনিক
ইনকিলাব

তারিখ 14 JUL 2007
পৃষ্ঠা 2 কলাম 7

বিভিন্ন সংগঠনের অভিনন্দন অব্যাহত

# মাদ্রাসা শিক্ষা বোর্ডের মনোনীত সদস্যগণ শিক্ষার উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালন করবেন

**ষ্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মাহসচিব ,মাওলানা শাব্বীর আহমদ মোমতাজি ও কয়েকজন জমিয়াত নেতা মদ্রাসা শিক্ষা বোর্ডের সদস্য মনোনীত হওয়ায় বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের অভিনন্দন অব্যাহত রয়েছে। বিবৃতিতে নেতৃবৃন্দ নবনির্বাচিত বোর্ড সদস্যগণ মদ্রাসা শিক্ষা বোর্ডের সার্বিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালন করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

বাংলাদেশ ফরায়েজী জামায়াতের কেন্দ্রীয় নেতা পীরজাদা হাজী মুবিন উদ্দিন আহমদ (নওশী মিয়া) ও পীরজাদা মুহিব উদ্দিন এক বিবৃতিতে জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব মাওলানা শাব্বীর আহমদ মোমতাজিসহ কয়েকজন জমিয়ত নেতা মদ্রাসা বোর্ডের সদস্য মনোনীত হওয়ায় তাদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। নেতৃদ্বয় এ বিষয়ে ভূমিকা রাখায় শিক্ষা উপদেষ্টাসহ অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক মোবারকবাদ জানান। নবনির্বাচিত উল্লেখিত বোর্ড সদস্যগণ মদ্রাসা শিক্ষার উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালন করবেন বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

**দিনাজপুর অফিস জানায়,** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব মাওলানা শাব্বীর আহমদ মোমতাজি বাংলাদেশ মদ্রাসা শিক্ষা বোর্ড সভার সদস্য নির্বাচিত হওয়ায় জমিয়াতুল মোদার্রেছীন দিনাজপুর জেলা শাখার সভাপতি মাওলানা মোঃ আব্দুল মুঈদ, জেলা সেক্রেটারী মাওলানা মোঃ রুস্তম আলী, দিনাজপুর সদর শাখার সভাপতি মাওলানা মোঃ আব্দুর রাজ্জাক মিঞা ও সেক্রেটারী মাওলানা মোঃ আব্দুর রশিদ সরকার আন্তরিক অভিনন্দন জানিয়েছন। এছাড়া বোর্ড সভার সদস্য নির্বাচিত করার জন্য শিক্ষা উপদেষ্টাকেও অভিনন্দন জানিয়েছেন। মাওলানা শাব্বীর আহমদ মোমতাজি বাংলাদেশ মদ্রাসা শিক্ষা বোর্ডের সার্বিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালন করিবেন মর্মে তারা আশাবাদ ব্যক্ত করেন।

**ঝালকাঠি জেলা সংবাদদাতা ঃ** মদ্রাসা শিক্ষকদের একক সংগঠন জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব প্রিন্সিপাল মাওলানা শাব্বির আহমদ মোমতাজি এবং আরও কয়েকজন জমিয়াত নেতা মদ্রাসা শিক্ষা বোর্ডের সদস্য মনোনীত হওয়ায় ঝালকাঠি জেলা জমিয়াতুল মোদার্রেছীনের পক্ষ থেকে তাদের আন্তরিক মোবারকবাদ ও অভিনন্দন জানানো হয়েছে। তাদের সদস্য মনোনীত করার জন্য শিক্ষা উপদেষ্টাসহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বিবৃতি দেন জেলা জমিয়াতুল মোদার্রেছীনের সভাপতি মাওলানা খলিলুর রহমান নেছারাবাদী, মাওলানা মুহাম্মদ আব্দুর রশীদ সম্পাদক জেলা জমিয়াতুল মোদার্রেছীন, উপজেলা সভাপতি ও সম্পাদক এবং বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, ভোলা, বরগুনা জেলা জমিয়াতের নেতৃবৃন্দ।